

আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী দিবস উপলক্ষে জাতিসংঘ মহাসচিব  
কফি আনানের বাণী - ৫ ডিসেম্বর ২০০৪

সহস্রাব্দ উন্নয়ন ঘোষণা বাস্তবায়ন এবং সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য পূরণে অগ্রগতি অর্জন করতে হলে সর্বত্র বহু লোকের সংশ্লিষ্টতা প্রয়োজন। এক্ষেত্রে স্বেচ্ছাশ্রম একটি শক্তিশালী ও উৎপাদনশীল মাধ্যম। নিজ সমাজে থেকে বা ঘরে বসে অন লাইনে স্বেচ্ছাশ্রমের দ্বারা সাধারণ লোকেরাও অসাধারণ কাজ করতে পারে। এ জাতীয় কাজ অত্যন্ত জরুরী, হোক তা ক্ষুধা, দারিদ্র্য, ব্যাধি ও অশিক্ষা দূর করার কাজ বা বিশ্ব পরিবেশ রক্ষা এবং বৈষম্য ও সহিংসতার বিরুদ্ধে নারীদের সুরক্ষার জন্য কাজ। স্বেচ্ছাশ্রমের শক্তি নিহিত এর বিশ্বজনীনতার ভেতর। প্রতিদিন উন্নত ও উন্নয়নশীল দেশগুলোতে এরূপ অসংখ্য সহযোগীতা ও সংহতির কাজ করা হয়। স্বেচ্ছাশ্রমের কোনো সঠিক বা ভুল পথ নেই। প্রয়োজন হল সময়, কুশলতা বা ধারণা বিনিময়ের ইচ্ছা। আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী দিবসে আমি সরকার ও সুশীল সমাজকে সাধারণ মানুষদের স্বেচ্ছাসেবক হওয়ার আরো সুযোগ সৃষ্টির আহবান জানাই। আসুন আমরা উন্নয়ন প্রক্রিয়ায় স্বেচ্ছাসেবকদের অবিচ্ছেদ্য ভূমিকার স্বীকৃতি দেই এবং একটি নিরাপদ ও টেকসই পৃথিবী নির্মাণে স্বেচ্ছাশ্রমের বিশাল অবদানকে স্বাগত জানাই।

\*\* \*\* \*